

আন্তর্জাতিক

সেন্ট্রাল আফ্রিকায় স্বর্ণখনি ধসে প্রাণ গেল অন্তত ৩০ শ্রমিকের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকে একটি স্বর্ণখনিতে ধসে অন্তত ৩০ জন খনি শ্রমিক নিহত হয়েছেন। এ ঘটনায় আরও কয়েকজন শ্রমিক খনির ভেতরে আটকা পড়েছেন। তাঁদের উদ্ধারে কাজ করছেন উদ্ধারকারীরা।

গতকাল মঙ্গলবার স্থানীয় সময় সকালে দেশটির নানা-মামবেরে জেলার আব্বা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় শ্রমিক ফ্লোরিয়ান গাণ্ডয়েন্ডে এ তথ্য জানিয়েছেন।

ধসের পর অল্প কয়েকজন শ্রমিক জীবিত অবস্থায় বের হতে পারেন। তাঁদের একজন ফ্লোরিয়ান। তিনি জানান, ধসের মাত্রা এতটাই বেশি যে আটকা পড়া অধিকাংশ শ্রমিককে জীবিত উদ্ধারের আশা কম।

তবে খনির ভেতরে ঠিক কতজন শ্রমিক আটকা পড়েছেন, তা এখনো স্পষ্ট নয়।

নানা-মামবেরে জেলার ডেপুটি মেয়র সোলেইমানে বি এএফপিকে বলেন, দিনভর উদ্ধার তৎপরতায় খনি থেকে ৩০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। এ ছাড়া কয়েকজনকে আহত অবস্থায় জীবিত উদ্ধার করা হয়। তাঁদের স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

সোলেইমানে বি বলেন, এটা ছিল একটি ভয়াবহ ঘটনা। উদ্ধারকারী বাহিনী পাঠানোর পাশাপাশি স্থানীয় বাসিন্দাদেরও সহযোগিতা চাওয়া হয়েছিল। পরে বহু মানুষ উদ্ধারকাজে অংশ নেন।

ঘটনাস্থলের ভিডিও ফুটেজে উদ্ধারকাজের বিশৃঙ্খল চিত্র দেখা গেছে। একটি ভিডিওতে কাদামাখা কয়েকজন শ্রমিককে খনি থেকে একটি মরদেহ টেনে বের করতে দেখা যায়। তাঁদের অধিকাংশই তরুণ-তরুণী।

সরকারের মুখপাত্র এভারিস্ট এনগামানা নিহত ব্যক্তিদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি বলেন, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ত্রাণ ও সহায়তা দিতে কর্তৃপক্ষ কাজ করছে।

সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকে ছোট স্বর্ণখনিতে ধসের ঘটনা নতুন নয়। দেশটিতে ছোট আকারের শত শত স্বর্ণখনি রয়েছে। এসব খনিতে কাজ করেন বিপুলসংখ্যক মানুষ।

খনিগুলোর বেশির ভাগেই নিরাপত্তাব্যবস্থা খুবই দুর্বল। ফলে প্রায়ই ধসসহ নানা দুর্ঘটনা ঘটে।

সূত্র: এএফপি, এনডিটিভি

এ বিভাগের আরও খবর



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগাস্ত-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগাস্ত ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় বাস্বা ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্র জ্বপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্র প্রতিহত ও ধ্বংসের দাবি
করেছে সৌদি নেতৃত্ব...